**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**08 FEBRUARY 2025 7:45—7:55 PM IST**

==========================================================

১) প্রায় তিন দশক পর নিরঙ্কুশ সংখ্যা গরিষ্ঠতা লাভ করে দিল্লীতে বি জেপি দল সরকার গঠনের দিকে অগ্রসর ।

২) আহোম রাজত্বের কীর্তি চিহ্নগুলি সংরক্ষণ করতে রাজ্যসরকারকে গৌহাটী হাইকোর্টের নির্দেশ ।

৩) আসাম পুলিশের মাদক দ্রব্য বিরোধী অভিযানে দক্ষিণ শালমারা ও মানকাচার জেলায় বৃহৎ পরিমাণের মাদক দ্রব্য সহ সরবরাহকারী গ্রেপ্তার ।

এবং

৪) লন বল পেয়ার বিভাগে নয়নমণি শইকিয়া ও বনগীতা হাজারিকার জয়ের মাধ্যমে জাতীয় ক্রীড়া সমারোহে আসামের তৃতীয় সোনার পদক অর্জন ।

---

প্রায় তিনদশক পর নিরঙ্কুশ সংখ্যা গরিষ্ঠতা লাভ করে দিল্লীতে বিজেপি ,সরকার গঠনের পথে অগ্রসর হচ্ছে ।আজ দিল্লী বিধানসভা নির্বাচনের ভোটগণনায় দিল্লীতে ১০ বছর

ধরে ক্ষমতায় থাকা আম আদমী পার্টীকে পরাজিত করে বিজেপির সরকার গঠন করা প্রায় নিশ্চিত ।এদিকে শেষ খবর পাওয়া পর্যন্ত ভোটগণনায় সর্বমোট ৭০ টি আসনের মধ্যে বিজেপি ৪৭  টি আসনে জয়লাভ করেছে বিপরীতে আম আদমী পার্টী  ২১ টি আসন দখল করেছে ।নতুনদিল্লী আসনে আপের প্রধান নেতা তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল তাঁর নিকটতম প্রতিদ্বন্দী বিজেপির পারভেজ বার্মার কাছে পরাজিত হয়েছেন । জংপুরা আসনে আপ নেতা তথা প্রাক্তন উপমুখ্যমন্ত্রী মনীষ সিসোদিয়া বিজেপির তরবিন্দর সিং মারোয়ার কাছে পরাজিত হয়েছেন ।কালকাজি আসনে আপ নেতা আতিশী মার্লেনা জয়লাভ করেছেন ।

দিল্লী বিধানসভা নির্বাচনের সহ আজ উত্তরপ্রদেশ ও তামিলনাড়ুর একটি করে বিধানসভা আসনে উপনির্বাচনের ভোট গণনা করা হয়েছে ।উত্তরপ্রদেশের মিল্কিপুর বিধানসভা আসনে বিজেপির চন্দ্রভানু পাসোয়ান জয়লাভ করেছেন , অন্যদিকে তামিলনাড়ুর এরডে পূর্ব বিধানসভা আসনের ভোটগণনায় ডি এম কের চন্দ্রিকাকুমার ভি সি নিকটতম প্রতিদ্বন্দী থেকে প্রায় ৬০ হাজার ভোটে এগিয়ে রয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে দিল্লী বিধানসভা নির্বাচনে বি জে পি জয়লাভ করার পর কাছাড় জেলার শিলচরের বি জেপি কার্যালয়ে  আনন্দ উল্লাসের পরিবেশ পরিলক্ষিত হয় । বিজেপি কার্যালয় থেকে এক শোভাযাত্রা বের করা হয়  এবং শিলচর ক্যাপিটেল পয়েন্টে সদস্যরা বাজি পুড়িয়ে ও মিষ্টি বিতরণ করে বিজয় উল্লাসে মেতে ওঠেন । শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী বলেন যে বিগত সাতাশ বছরে কংগ্রেস ও আপ  সরকারের দূর্নীতি থেকে দিল্লীর জনসাধারণ মুক্তি পেয়েছে ।

তিনি আরো বলেন,....... বাইট------

আনন্দ উৎসবে শিলচরের বিধায়ক সহ জেলা বিজেপির সভাপতি রূপম সাহা ,রাজেশ দাস ,রূপম নন্দী পুরকায়স্থ ,অভ্রজিৎ চক্রবর্তী এবং অন্যান্য নেতা কর্মীরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আজ দিল্লী বিধানসভা আসনে বি জে পি জয়লাভ করায় দলীয় কার্যালয়ের সামনে দলের কর্মী সমর্থকরা আনন্দ উল্লাস প্রকাশ করেন ।জেলা বিজেপি সভাপতি কল্যাণ গোস্বামী , সাধারণ সম্পাদক , শীর্ষ নেতা সহ দলীয় কর্মীরা এই জয়কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বের বিজয় বলে মন্তব্য করেন ।

-------------------------------------------------------------------------------------------

আগামী ২৫ ও ২৬ শে ফেব্রুয়ারী গৌহাটীতে অনুষ্ঠেয় এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের জন্য রাজ্য সরকার প্রস্তুতি অব্যাহত রেখেছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা এই শীর্ষ সম্মেলনের পরিপ্রেক্ষিতে গতকাল দিল্লীতে টাটা গ্রুপের অধ্যক্ষ নটরাজন চন্দ্রশেখরনের সংগে সাক্ষাৎ করেন ।এই সাক্ষাৎকালে মুখ্যমন্ত্রী , শ্রী চন্দ্র শেখরনের সংগে জাগীরোডের সেমিকন্ডাক্টর প্রকল্প সহ আগামীতে আসামে টাটা গ্রুপের বিনিয়োগ সম্পর্কে আলোচনা করেন । ড: শর্মা শ্রী চন্দ্রশেখরনকে বিনিয়োগ ও পরিকাঠামো সম্মেলনে আসার জন্য আমন্ত্রন জানিয়েছেন ।মুখ্যমন্ত্রী ড: শর্মা এই সম্মেলন ভবিষ্যত আসামের অর্থনৈতিক উন্নয়নের ভিত হবে বলে আশা প্রকাশ করেন ।

-------------------------------------------------------------------------------------------

আহোম রাজত্বের কীর্তি চিহ্নসমূহ সংরক্ষণ করতে রাজ্য সরকারকে গৌহাটী হাইকোর্ট নির্দেশ দিয়েছে । একটি মামলার শুনানি গ্রহণ করে হাই কোর্টের মুখ্য বিচারপতি বিজয় বিষ্ণই ও বিচারপতি সুমন শ্যামের খন্ড বিচারপীঠ এই নির্দেশ দিয়েছে । আগামী ছমাসের মধ্যে সমীক্ষার ভিত্তিতে আহোম রাজত্বকালের কীর্তি চিহ্নসমূহ সংরক্ষণ প্রক্রিয়া সম্পূর্ন করতে খন্ড বিচারপীঠ স্পষ্ট করে দিয়েছে । উল্লেখ্য ২০২৪ সালের তেসরা এপ্রিল ন্যায়লয় রাজ্য সরকারকে এই কীর্তি চিহ্ন সমূহ সংরক্ষণের জন্য গ্রহণ করা ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন দাখিল করতে নির্দেশ দিয়েছিল । সেই অনুযায়ী পুরাতত্ব সঞ্চালক গত বছরের ২৯ শে আগষ্ট ঐতিহাসিক কীর্তিচিহ্ন সমূহ শনাক্ত করার জন্য সমীক্ষা চলছে বলে শপথনামায় উল্লেখ করেছিলেন । এর ভিত্তিতেই উচ্চ ন্যায়লয় ছমাসের মধ্যে এই সমীক্ষা প্রক্রিয়া সম্পন্ন করে কীর্তিচিহ্ন সমূহ সংরক্ষণ করতে কঠোর নির্দেশ দিয়েছে ।

-------------------------------------------------------------------------------------------

মানকাচরের জোরদাংগা দ্বিতীয় খন্ডে মানকাচর পুলিশের নেতৃত্বে চালানো এক অভিযানে বৃহৎ পরিমাণের নেশাযুক্ত সামগ্রীর সংগে ৩ জন ড্রাগস সরবরাহকারীকে গ্রেপ্তার করা হয় । অতিরিক্ত পুলিশ সুপার প্রতাপ দাসের নেতৃত্বে মানকাচর পুলিশ থানার ভারপ্রাপ্ত আধিকারিক দীপক বরগোয়ারী ও উপপরিদর্শক নয়নজ্যোতি গগৈর সহযোগীতায় গোপন সূত্রের ভিত্তিতে এই অভিযান চালানো হয় । এদিকে অন্য আরেকটি অভিযানে বৃহৎ পরিমাণের মাদক দ্রব্য ও ৩ টি ফোন সহ তিনজন সরবরাহকারীকে গ্রেপ্তার করা হয় ।

-------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি শহরতলীর নিশ্চিন্তপুরে এক সড়ক দূর্ঘটনার প্রতিবাদে সড়ক অবরোধ চলাকালীন সময়ে পুলিশের উপর আক্রমনের ঘটনায় জড়িত ৯ অভিযুক্তকে শুক্রবার গ্রেফতার করা হয়েছে । ধৃত অভিযূক্তদের বিরুদ্ধে দূর্ঘটনার পর বেআইনীভাবে জাতীয় সড়ক অবরোধ ও পুলিশ কর্মীদের উপর পাথর নিক্ষেপের অভিযোগ রয়েছে ।উল্লেখ্য গত বৃহস্পতিবার নিশ্চিন্তপুর এলাকায় এক মর্মান্তিক সড়ক দূর্ঘটনায় বাবা ও ছেলের মৃত্যু হয় । দ্রুতগতির একটি ট্রিপারের ধাক্কায় সালেহ আহমেদ বড়ভূইয়া ও তার পাচ বছরের পুত্র দানেশের মৃত্যু হয় ।

---------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের আয়োজন করা ঝুমুইর বিনন্দিনী২০২৫ এর মান্ডলিক ভিত্তিতে প্রশিক্ষণ তথা প্রদর্শন আজ ডিব্রুগড়ের খনিকর খেলার মাঠে অনুষ্ঠিত হয় । ডিব্রুগড় , তিনসুকিয়া , চরাইদেউ , লখিমপুর , ধেমাজি জেলার নির্বাচিত ৩ হাজার ৪৭১ জন ঝুমুর নৃত্য শিল্পী আজকের অনুষ্ঠানে নৃত্য প্রদর্শন করে । গৌহাটীর সরুসাজাই ষ্টেডিয়ামে ৮ হাজার শিল্পী , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে আগামী ২৪ শে ফেব্রুয়ারী চা জনগোষ্ঠীদের অপূর্ব কলাকৃষ্টির নিদর্শন, ঝুমুর নৃত্য বিশ্ব রেকর্ডের উদ্দেশ্যে পরিবেশন করবে ।

---------------------------------------------------------------------------------

উত্তরাখন্ডে চলতি ৩৮ তম জাতীয় লন বল পেয়ার বিভাগে আজ আসামের নয়নমণি শইকিয়া ও বনগীতা হাজারিকা জুটি স্বর্ণপদক অর্জন করেছে । এ নিয়ে এবারের ক্রীড়া সমারোহে আসাম এপর্যন্ত তিনটি সোনার পদক অর্জন করতে সক্ষম হয়েছে । সেইসঙ্গে পুরুষের একশ মিটার ফাইনালে অম্লান বরগোঁহাই ব্রোঞ্জের পদক অর্জন করেছে । একইভাবে তাইকোয়াণ্ডোর গ্রুপ পমচি বিভাগে আসামের মর্ণিতা আচার্য ,বেনলা কেম্পরায় এবং পঞ্চমী দাসের দলটি ব্রোঞ্জের পদক অর্জন করেছে ।

---------------------------------------------------------------------------------

ভারত সেবাশ্রম সংঘ অনুমোদিত কাছাড় হিন্দু মিলন মন্দিরের পঞ্চাশ বছর পূর্তিতে সুবর্ণজয়ন্তী উদযাপন অনুষ্ঠানের অঙ্গ হিসেবে আগামীকাল ন্যাশনেল হাইওয়ে সংলগ্ন এ এস টি সি ময়দানে ভারত সেবাশ্রম সংঘের সন্ন্যাসী পদ্মশ্রী শ্রীমৎ স্বামী প্রদীপ্তানন্দজী মহারাজ বক্তব্য রাখবেন । অনুষ্ঠানে সকলকে অংশগ্রহণ করার আহ্বান জানানো হয়েছে ।

এদিকে কাছাড় হিন্দু মিলন মন্দিরের সবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আজ সকাল ৮ টায় তারাপুর শিববাড়ী রোড প্রণবানন্দ বিদ্যামন্দির থেকে এক শোভাযাত্রা

বের  হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে পুনরায় প্রণবানন্দ বিদ্যামন্দিরে ফিরে আসে । এতে স্কুলের ছাত্র ছাত্রী সহ সংগঠনের সদস্যরা অংশগ্রহণ করেন । এরপর অন্যান্য কার্যসূচীর মধ্যে ছিলো পূজা আরতি , প্রসাদ বিতরণ ,বসে আঁকো প্রতিযোগীতা ,ধর্মসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান ।

---------------------------------------------------------------------------------------

ছাত্রসংগঠন এ আই ডি এস ও'র কাছাড় জেলা কমিটি শিলচর লামডিং ব্রডগেজ সংগ্রাম কমিটির চন্দ্রনাথপুর - লংকা দ্বিতীয় রেলপথ নির্মাণের দাবীতে আগামী ১৫ ই ফেব্রুয়ারী আহুত গণসমাবেশে পূর্ণ সমর্থন জানিয়েছে । সংগঠনের পক্ষ থেকে বরাক উপত্যকা ও পার্শ্ববর্তী রাজ্যগুলোর জনসাধারণের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে এই নতুন রেলপথ নির্মাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ করার দাবী জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------